২০ ... ৩/৫/২০২৫
... সেরেস্তাদার
... অর্থঋণ আদালত
নারায়ণগঞ্জ

**"নিলাম বিজ্ঞপ্তি"**

**অর্থঋন আদালত আইন ২০০৩ এর ৩৩(১) ধারার বিধান মতে**

বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ।

**ঋন ডিং নং- ২৩/২০২৪**

সোনালী ব্যাংক পিএলসি, যাহার প্রধান কার্যালয় সোনালী ব্যাংক ভবন, ৩৫-৪৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ এবং ইহার বহু শাখার মধ্যে একটি শাখা সোনালী ব্যাংক পিএলসি, নারাণয়গঞ্জ কর্পোরেট শাখা, চাষাড়া, জেলা-নারায়ণগঞ্জ পক্ষে ডেপুটি জেনারেল ম্যানেজার দ্বারা, মোবাইল নং-০১৭১৩০৪৬৩৫৭।

----- ডিক্রীদার

বনাম

১। মেসার্স রয়েল নীট ওয়্যার লিমিটেড, পক্ষে-ব্যবস্থাপনা পরিচালক মোঃ ইউসুফ মোল্লা, সাং-প্লট-বি, বাড়ী নং-৩৭, বিসিক শিল্প এলাকা, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ।

২। মোঃ ইউসুফ মোল্লা, পিতা-মৃত আব্দুল হামিদ মোল্লা, গ্রাম-কাজিয়াতল, দারোরা, থানা-মুরাদনগর, জেলা-কুমিল্লা, ব্যবস্থাপনা পরিচালক-মেসার্স রয়েল নীট ওয়্যার লিমিটেড, সাং-প্লট-বি, বাড়ী নং-৩৭, বিসিক শিল্প এলাকা, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ।

৩। মোঃ আব্দুল ওয়াদুদ মোল্লা, পিতা-মৃত আব্দুল হামিদ মোল্লা, সাং-বাড়ী নং-৪০, রোড নং-১৩, নিকুঞ্জ, থানা-খিলক্ষেত, জেলা-ঢাকা-১২২৯, চেয়ারম্যান-মেসার্স রয়েল নীট ওয়্যার লিমিটেড, সাং-প্লট-বি, বাড়ী নং-৩৭, বিসিক শিল্প এলাকা, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ, স্থায়ী ঠিকানা- কাজিয়াতল, ডাকঘর-দারোরা, থানা-মুরাদনগর, জেলা-কুমিল্লা।

৪। জি.এম.নুরুজ্জামান, পিতা-মৃত আলহাজ্ব বকশ আলী, গ্রাম-পশ্চিম সিংহ, ডাকঘর-কংশনগর, থানা-বুড়িচং, জেলা-কুমিল্লা, পরিচালক-মেসার্স রয়েল নীট ওয়্যার লিমিটেড, সাং-প্লট-বি, বাড়ী নং-৩৭, বিসিক শিল্প এলাকা, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ, স্থায়ী ঠিকানা- কাজিয়াতল, ডাকঘর-দারোরা, থানা-মুরাদনগর, জেলা-কুমিল্লা।

৫। মিসেস তানিয়া ইউসুফ, পিতা-মোঃ ইউসুফ মোল্লা, পরিচালক-মেসার্স রয়েল নীট ওয়্যার লিমিটেড, সাং-প্লট-বি, বাড়ী নং-৩৭, বিসিক শিল্প এলাকা, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ, স্থায়ী ঠিকানা- কাজিয়াতল, ডাকঘর-দারোরা, থানা-মুরাদনগর, জেলা-কুমিল্লা।

৬। মোঃ সৈয়দ আহম্মেদ খোকন, পিতা-মোঃ খলিলুর রহমান, গ্রাম-বক্রিকান্দি, ডাকঘর-নুর মানিকচর, থানা-দেবীদার, জেলা-কুমিল্লা, বর্তমান বাসস্থানঃ-গাবতলী, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ (জামিনদার) মেসার্স রয়েল নীট ওয়্যার লিমিটেড, সাং-প্লট-বি, বাড়ী নং-৩৭, বিসিক শিল্প এলাকা, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ।

৭। মোসাম্মৎ মনোয়ারা বেগম, স্বামী-মোঃ সৈয়দ আহম্মেদ খোকন, সাং-বক্রিকান্দী, ডাকঘর-নুর মানিকচর, থানা-দেবীদ্বার, জেলা-কুমিল্লা, বর্তমান বাসস্থান-গাবতলী, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ (জামিনদার), মেসার্স রয়েল নীট ওয়্যার লিমিটেড, সাং-প্লট-বি, বাড়ী নং-৩৭, বিসিক শিল্প এলাকা, থানা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ।

------ দায়িকগন।

এতদ্বারা সর্ব সাধারণকে জানানো যাইতেছে যে, ডিক্রীদারের প্রাপ্য ২০,০৫,৯০,০৯০.৪৪/- টাকা, অন্যান্য খরচ ৪০,০০০/- টাকা, ৩০/০৪/২৫ ইং পর্যন্ত সুদ ৬,০৬,২১,৯৭৪.৭১/- টাকা, মোট ২৬,১১,৫২,১০৫.১৫/- টাকা। এমতাবস্থায় নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদি আদায়ের নিমিত্তে অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ-এ রক্ষিত নিলামের টেন্ডার বাক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ০৭/০৭/২৫ ইংরেজী তারিখে নিলাম বিক্রয়ের নিমিত্তে সীলমোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে।

## নিলামের শর্তাবলী

১। আগামী ০৭/০৭/২৫ ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

CS CamScanner

৪। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরদাতা অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ০৭/০৭/২৫ ইং তারিখ বিকেল ১২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবেন।

১০। কৃতকার্য দরদাতার অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১১। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

**তপছিল-খ**

জিলা-নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিষ্ট্রি অফিস ফতুল্লা অধীন, মৌজা-ফতুল্লাস্থিত জে.এল নং সি.এস-১৫৮, এস.এ-২৪, আর.এস-১৫। খতিয়ান নং সি.এস-৫৫৩, এস.এ-৫৯৭, আর.এস-১৩৬, দাগ নং- সি.এস এবং এস.এ $\frac{২১৭}{৯১৮}$, আর.এস-২৫৬, জমির পরিমান-০৫ শতাংশ, যাহার চৌহদ্দিঃ- উত্তরে-১২ ফুট রাস্তা, দক্ষিনে-আফাজনগর হাউজিং প্লট, পূর্বে-আনোয়ার এবং পশ্চিমে-মোহাম্মদ আলী।

আদেশক্রমে

সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ
অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ।

CS CamScanner